

## Mettlepower Communications

### Coverage Sheet

Publication & Date: SAKALBELA (04.05.2011)

Page Number: 2

Head Line: PARKINSONISM

৪ মে, ২০১১ • সকালবেলা •

### পার্কিনসন

স্টাফ রিপোর্টার: অস্ত্রোপচারের মাধ্যমে পার্কিনসন রোগীকে সুস্থ করে তুলল মেডিকা সুপার স্পেশালিটি হাসপাতাল। মুকুন্দপুরে অবস্থিত বেসরকারি এই হাসপাতালে মঙ্গলবার এই অস্ত্রোপচার লাইভ করা হয়। অর্থাৎ চিকিৎসকরা রোগীকে সুস্থ করে তুলতে এদিন যে অস্ত্রোপচার করেন, তা সেখানে উপস্থিত সকলকেই দেখানো হয়।

অনন্ত দাস (৫২)-এর পার্কিনসন অসুখ ধরা পরে বছর চারেক আগে। এই অসুখ ক্রমেই অনন্তবাবুকে কাবু করে ফেলছিল। যার জেরে হাঁটা-চলা যেমন করতে পারছিলেন না তিনি, তেমনই ধীরে ধীরে লেখার এবং কথা বলার ক্ষমতাও হারিয়ে ফেলছিলেন অনন্তবাবু। তাঁকে মেডিকায় নিয়ে আসার পর, হাসপাতালের বিশেষজ্ঞ চিকিৎসকদের নিয়ে গঠিত একটি দল অনন্তবাবুর চিকিৎসা শুরু করেন। যাবতীয় পরীক্ষা-নিরীক্ষার পর দেখা যায়, অস্ত্রোপচারের প্রয়োজন। সেই মতো এদিন একটি কর্মশালার মাধ্যমে অনন্তবাবুর অস্ত্রোপচার করা হয়। হাসপাতাল কর্তৃপক্ষের দাবি, অনন্তবাবুকে তাঁরা সুস্থ করে তুলতে পেরেছেন। এদিনের এই অস্ত্রোপচারে ছিলেন বিশেষজ্ঞ চিকিৎসক অধ্যাপক টিপু আজিজ, দীপঙ্কর নন্দী, এল এন ত্রিপাঠি, এস বসু প্রমুখ।